

# 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৯২

১৫/ किञातून जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৪২. কয়েকজন মৃত ব্যক্তিকে একই কবরে দাফন করা এবং কবর চিহ্নিত করা সস্পর্কে।

باب فِي جَمْعِ الْمَوْتَى فِي قَبْرٍ وَالْقَبْرُ يُعَلَّمُ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ بْنُ نَجْدَة، حَدَّثَنَا سَعِيدُ بْنُ سَالِم، ح وَحَدَّثَنَا يَحْيَى بْنُ الْفَضْلِ السِّجِسْتَانِيُّ، حَدَّثَنَا حَاتِم، \_ يَعْنِي ابْنَ إِسْمَاعِيلَ \_ بِمَعْنَاهُ عَنْ كَثِيرِ بْنِ زَيْدِ الْمَدَنِيِّ، عَنِ الْمُطَّلِبِ، قَالَ لَمَّا مَاتَ عُثْمَانُ بْنُ مَظْعُونٍ أُخْرِجَ بِجَنَازَتِهِ فَدُفِنَ أَمَرَ النَّبِيُّ صلى الله عليه وسلم رَجُلاً أَنْ يَأْتِيَهُ بِحَجَرٍ فَلَمْ يَسْتَطِعْ حَمْلَهُ فَقَامَ إِلَيْهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَحَسَرَ عَنْ ذِرَاعَيْهِ \_ قَالَ كَثِيرٌ قَالَ الْمُطَّلِبُ قَالَ الَّذِي يُخْبِرُنِي ذَلِكَ عَنْ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قالَ \_ كَأْتِي أَنْظُرُ إِلَى بَيَاضِ ذِرَاعَىْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ هُمَا ثُمَّ حَمَلَهَا فَوَضَعَهَا عِنْدَ رَأْسِهِ وَقَالَ " أَتَعَلَّمُ بِهَا قَبْرَ الله عليه وسلم حِينَ حَسَرَ عَنْهُمَا ثُمَّ حَمَلَهَا فَوَضَعَهَا عِنْدَ رَأْسِهِ وَقَالَ " أَتَعَلَّمُ بِهَا قَبْرَ الله عليه وسلم حِينَ حَسَرَ عَنْهُمَا ثُمَّ حَمَلَهَا فَوَضَعَهَا عِنْدَ رَأْسِهِ وَقَالَ " أَتَعَلَّمُ بِهَا قَبْرَ الْخِي وَأَدْفِنُ إِلَيْهِ مَنْ مَاتَ مِنْ أَهْلِي " .

#### বাংলা

৩১৯২. আবদুল ওয়াহহাব ইবন নাজদা (রহঃ) .... মুত্তালিব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ যখন উছমান ইবন মায'উন (রাঃ) ইনতিকাল করেন, তখন তাঁর জানাযা (লাশ) বের করা হয়, অতঃপর দাফন করা হয়। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তিকে একখণ্ড পাথর আনার জন্য নির্দেশ দেন। কিন্তু সে তা বহন করতে অক্ষম হয়। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি নিজে আনার জন্য অগ্রসর হন এবং তাঁর দু'হাতের জামার আন্তিন গুটিয়ে ফেলেন।

রাবী কাছীর বলেনঃ মুত্তালিব (রহঃ) বলেছেন, যে ব্যক্তি আমার কাছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এ হাদীছ বর্ণনা করেছেন, তিনি বলেছেনঃ এ সময় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উভয় বগলের সাদা অংশ দেখতে পাই, যখন তিনি তাঁর দু'হাতের জামার আস্তিন গুটান এবং সে পাথর বয়ে নিয়ে এসে তার (উছমান ইবন মাযউনের) শিয়রে রাখেন। আর তিনি বলেনঃ এর দ্বারা আমি আমার ভাইয়ের কবর চিহ্নিত করছি। আমি এর পাশে তাদের দাফন করব, যারা আমার পরিবার থেকে মারা যাবে।



## **English**

#### Narrated Al-Muttalib:

When Uthman ibn Maz'un died, he was brought out on his bier and buried. The Prophet (ﷺ) ordered a man to bring him a stone, but he was unable to carry it. The Messenger of Allah (ﷺ) got up and going over to it rolled up his sleeves.

The narrator Kathir told that al-Muttalib remarked: The one who told me about the Messenger of Allah () said: I still seem to see the whiteness of the forearms of the Messenger of Allah () when he rolled up his sleeves. He then carried it and placed it at his head saying: I am marking my brother's grave with it, and I shall bury beside him those of my family who die.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন